হরিণাকুণ্ডুতে বৃদ্ধাশ্রমের মায়েদের মাঝে ঈদ উপহার ও মাস জুড়ে ইফতার বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে একটি বৃদ্ধাশ্রমের মায়েদের মাঝে ঈদ উপহার ও রমজান মাস জুড়ে ইফতারি সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ সকালে উপজেলার জোড়াপুকুরিয়া বৃদ্ধাশ্রমে সংযোগ ফাউন্ডেশন এর উদ্যোগে এ উপহার সামগ্রী বিতরণ করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন সংগঠনটির জেলা কো-অর্ডিনেটর মুন্সী মো. আবু হাসান, উপদেষ্টা সহাকারী অধ্যাপক কে এম সালেহ, শাহানুর আলম, কাজী আলী আহম্মেদ লিকু, জোড়াপুকুরিয়া বৃদ্ধাশ্রমের প্রতিষ্ঠাতা ও পরিচালক ইসমত আরাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

অনুষ্ঠানে বৃদ্ধাশ্রমে বসবাসরত ২৪ জন মায়ের হাতে ঈদ উপহার হিসেবে নতুন শাড়ি তুলে দেওয়া হয়। উপহার পেয়ে বৃদ্ধাশ্রমের মায়েরা আনন্দ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সংগঠনটির পক্ষ থেকে জানানো হয়, রমজান মাসজুড়ে বৃদ্ধাশ্রমের মায়েদের জন্য প্রতিদিন ইফতারের ব্যবস্থাও করা হয়েছে। এছাড়াও সমাজে আত্মকর্মসংস্থান তৈরির লক্ষ্যে হরিণাকুন্ডু উপজেলার দুটি মাদ্রাসায় প্রশিক্ষণের জন্য সেলাই মেশিন প্রদান করা হয়েছে।

আয়োজকরা বলেন, সমাজের অবহেলিত ও বয়স্ক মানুষদের পাশে দাঁড়ানো এবং তাদের মুখে হাসি ফোটানোই তাদের মূল লক্ষ্য। ভবিষ্যতেও এ ধরনের মানবিক ও সামাজিক কার্যক্রম অব্যাহত থাকবে বলে তারা জানান।

মেহেরপুরে শ্রমজীবী মানুষের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সংগঠনের বেশ কয়েকজন সদস্য প্রতিদিন ইফতারের আগ-মুহুর্তে পৌঁছে দিচ্ছেন ইফতারে প্যাকেট। প্রতি প্যাকেটে পানির বোতলসহ মুড়ি, ছোলা, পেঁয়াজু, বুন্দিয়া, বেগুনি, আলুর চপ, জিলাপি, খেজুর ও অন্যান্য ফল রাখা হয়।

রোটারী ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট ও জেলা তাঁতী লীগের সাংগঠনিক সম্পাদক আবু হাসান লিটন বলেন, এবছর ইফতারের শুরু থেকেই আমরা বিভিন্ন প্রতিষ্ঠানের আশেপাশের মসজিদ ও অসহায় দুস্থদের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করে থাকি। এই রমজানের শুরুতেই এইভাবে প্যাকেট করা ইফতার সামগ্রী ইফতারের আগ মুহূর্তে রাখার উদ্যোগ নিয়েছি। এতে করে সুবিধাবঞ্চিত মানুষের কিছুটা হলেও উপকারে আসবে। এটি পুরো রমজান জুড়েই চলমান থাকবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে আব্দুল হাই এমপি’র ইফতার বিতরণ

ঝিনাইদহে আব্দুল হাই এমপি এর সৌজন্যে গরিব-দুঃখীর মাঝে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ সজীব হোসেন ইফতার বিতরণ করেন।
দেশে চলছে করোনা কালিন লকডাউন, তার মধ্যে ঝিনাইদহ শহরের পুরাতন ডিসি র্কোড,পৌরসভা, ঝিনাইদহ সদর থানা, পায়রা চত্তর, সহ বিভিন্ন এলাকা ঘুরে অসহায়, দিনমজুর, কর্মহীন মানুষের মাঝে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সজীব হোসেন ইফতার বিতরন ও করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনা করেন।
এছাড়াও তার এই মানবিকতা দেখে খুশি হন গরীব, অসহায়, দিনমজুর ও কর্মহীন রোজাদার ব্যক্তিরা, তার জন্যে সাফল্য কামনা করেন।